সরকার ডেঙ্গু আক্রান্তের সংখ্যা নিয়ন্ত্রণ করছে : রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, অনেক প্রাইভেট হাসপাতাল এবং হাসপাতালে ভর্তি না হতে পেরে যারা বাসায় চিকিৎসা নিচ্ছেন, তাদের সংখ্যা সরকারি পরিসংখ্যানে উল্লেখ করা হয় না। বাস্তব ঘটনা হচ্ছে- সরকার ডেঙ্গু মহামারীতে আক্রান্তের প্রকৃত সংখ্যা নিয়ন্ত্রণ করছে।

বুধবার দুপুরে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি।
এসময় তিনি আরও বলেন, ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে রোগীর সংখ্যা ও লাশের সংখ্যা প্রতিদিনই বাড়ছে। এখন ঢাকার বাইরেও ডেঙ্গু রোগীর সংখ্যা ব্যাপকভাবে বিস্তার লাভ করছে। কিন্তু সরকারের পক্ষ থেকে ডেঙ্গুতে আক্রান্ত ব্যক্তির যে সংখ্যা প্রকাশ করা হচ্ছে, সেটি প্রকৃত সংখ্যার চেয়ে অনেক কম।’

একুশে আগস্টের ঘটনায় তারেক রহমানকে জড়ানোর জন্য আসামিদের পিটিয়ে, নখ তুলে, জোর করে স্বীকারোক্তি আদায় করা হয়েছে বলে দাবি করেন বিএনপির যুগ্ম-মহাসচিব।

যে কোনো সরকারের আমলেই নানা ষড়যন্ত্র হয় দাবি করে রিজভী বলেন, আওয়ামী লীগের আমলে পিলখানা হত্যাকাণ্ড হয়েছে না? তাহলে সেজন্য কি আওয়ামী লীগ দায়ী?

এক প্রশ্নের জবাবে রিজভী বলেন, সবকিছু তাদের হাতের মুঠোয়। তারা যা ইচ্ছে তাই করতে পারেন। কিন্তু প্রকৃত সত্য ঘটনা সবাই জানে। এটা গভীর নীল নকশার অংশ। এই নীল নকশার সঙ্গে ক্ষমতাসীনরা জড়িত কিনা সেটাই আজ সন্দেহ দেখা দিয়েছে।